

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-৩ শাখা
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.২০৩.২৫.০১০.২১.১৭৪

তারিখ: ১৭ আষাঢ়, ১৪৩১
০১ জুলাই ২০২৪

বিজ্ঞপ্তি

বিষয়: **Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত 'Policy Analysis' প্রশিক্ষণ কোর্সের ১ম ব্যাচ (BIGM-SICIP ১ম ব্যাচ, সামগ্রিকভাবে ২০তম ব্যাচ) আবেদন করার সময় বৃদ্ধিকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত 'Policy Analysis' প্রশিক্ষণ কোর্সের ১ম ব্যাচ (BIGM-SICIP ১ম ব্যাচ, সামগ্রিকভাবে ২০তম ব্যাচ) ০৬ জুলাই ২০২৪ তারিখ এর পরিবর্তে আগামী ১০ আগস্ট ২০২৪ তারিখ হতে শুরু হবে। প্রশিক্ষণ কোর্সটি অর্থ বিভাগের অধীন Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP) প্রকল্পের আওতায় আয়োজন করা হয়েছে।

২। কোর্সসংক্রান্ত তথ্য নিম্নরূপ:

(ক)	প্রশিক্ষণের মেয়াদ ১০ সপ্তাহ। মোট ২৪ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হবে। মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন BIGM-এ সংযুক্ত থাকবেন।
(খ)	উক্ত কোর্সে সিনিয়র সহকারী সচিব, উপসচিব ও যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন যাদের বয়স অনূর্ধ্ব ৫২ বছর।
(গ)	'Strategic Management' কোর্সে অংশগ্রহণকারীর সর্বোচ্চ ৫০ শতাংশ প্রশিক্ষণার্থী এ কোর্সে অংশগ্রহণের সুযোগ পাবে।
(ঘ)	কোর্সটি সপ্তাহে ০৫ দিন শনি-বুধবার সকাল ৯:০০ থেকে বিকাল ০৫:০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে।
(ঙ)	যাতায়াত ভাতা ও দুপুরে খাবার প্রদান করা হবে। এছাড়া, Policy বিষয়ক প্রতিবেদন প্রস্তুত করার জন্য প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ভাতা প্রদান করা হবে।
(চ)	শীর্ষস্থান অধিকারী ৬-৮ জন কর্মকর্তাকে দুই সপ্তাহের জন্য বিদেশে নীতিবিষয়ক উচ্চতর প্রশিক্ষণের জন্য মনোনীত করা হবে।

৩। উল্লেখ্য, ইতঃপূর্বে যে সকল কর্মকর্তা 'Policy Analysis' প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন বা ইতোমধ্যে যারা আবেদন করেছেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই।

৪। আগ্রহী কর্মকর্তাগণকে আগামী ৩১ জুলাই ২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় {দৃ.আ. অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়} বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর নির্ধারিত ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।



১-৭-২০২৪

মোঃ মিনহাজুর রহমান

সিনিয়র সহকারী সচিব

ফোন: ২২৩৩৫৭১১৩

ইমেইল: it3@mopa.gov.bd

বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করা জন্য অনুরোধ করা হলো:

১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।